



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ইসলামিক ফাউন্ডেশন
[প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]



স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৫.৪৩.০০১.২০.২৭

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ১৪৪৫ হিজরি সালের পবিত্র শাবান মাসের চাঁদ দেখার সংবাদ প্রেরণ।

সূত্র: দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের স্মারক নম্বর : ১৬.০১.০০০০.০০৭.২৩.০০৩.২০.৭২৪ তারিখ : ৩০ জানুয়ারি ২০২৪।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১৪৪৫ হিজরি সালের পবিত্র শাবান মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনা এবং এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আগামী ২৯ রজব ১৪৪৫, ২৮ মাঘ ১৪৩০, ১১ ফেব্রুয়ারি ২০২৪ রবিবার সন্ধ্যা ৬.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি জনাব মোঃ ফরিদুল হক খান এমপি।

২। এমতাবস্থায়, আগামী ১১ ফেব্রুয়ারি ২০২৪ রবিবার সন্ধ্যা ৬.০০টার মধ্যে পবিত্র শাবান মাসের চাঁদ দেখার সংবাদ নিম্নলিখিত টেলিফোন, মোবাইল ফোন, ফ্যাক্স এবং ই-মেইলের মাধ্যমে অথবা অন্য যে কোন উপায়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরিচালক, দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ: টেলিফোন নম্বর ০২-৪১০৫৩২৯৪ ও মোবাইল নম্বর ০১৭৫৮৪০৬৮৮৩; উপ-পরিচালক, দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ: টেলিফোন নম্বর ০২-৪১০৫০৯১২; উপ-পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ: টেলিফোন নম্বর ০২-৪১০৫০৯১৬; মহাপরিচালকের একান্ত সচিব, বায়তুল মোকাররম দপ্তর ০২-৪১০৫০৯১৭।

ফ্যাক্স নম্বর: ০২-২২৩৩৮৩৩৯৭ (মহাপরিচালকের দপ্তর, বায়তুল মোকাররম)।

e-mail : deenydawha@gmail.com

৩। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ফিল্ড সুপারভাইজারগণ স্ব স্ব উপজেলা মডেল রিসোর্স সেন্টারে চাঁদ দেখার ব্যবস্থা গ্রহণ করবেন এবং যদি কেউ চাঁদ দেখে থাকেন তাহলে দ্রুততার সাথে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। তিনি জেলা চাঁদ দেখা কমিটির মাধ্যমে জাতীয় চাঁদ দেখা কমিটিকে অবহিত করবেন।

৪। উল্লেখ্য, অন্য কোন মাধ্যম বা ব্যক্তি যদি চাঁদ দেখে থাকেন তাহলে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা চাঁদ দেখা কমিটিকে অবহিত করতে হবে। চাঁদ দেখার সংবাদ প্রেরণে ইসলামিক ফাউন্ডেশন বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকগণকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করতে হবে। সংবাদ প্রেরণের পর পরিচালক/উপ-পরিচালকগণকে নিজ নিজ দপ্তরে কমপক্ষে ১(এক) ঘন্টাকাল অবস্থান করতে হবে।

০১-০২-২০২৪

মুহাম্মদ মহীউদ্দিন মজুমদার
পরিচালক

০২২২২১৮২৮১

ifcoordination1975@gmail.com

বিতরণ : সদয় কার্যার্থে -


- ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন এবং
- ২। উপ-পরিচালক, জেলা কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৫.৪৩.০০১.২০.২৭/১ (৫)

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, ইসলামিক ফাউন্ডেশন;
- ২। সচিব, প্রশাসন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন;
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন;
- ৪। পরিচালক, দীন দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন এবং
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব-১, মহাপরিচালকের দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন।



০১-০২-২০২৪
মোহাম্মদ নিজাম উদ্দিন
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ১৪৪৫ হিজরি সালের পবিত্র শাবান মাসের চাঁদ দেখার সংবাদ প্রেরণ।